# ঢাকা বিশ্ববিদ্যালয়

## অনলাইন পরীক্ষা সংক্রান্ত নির্দেশিকা

### ১। পরীক্ষা নেয়ার জন্য অনলাইন প্লাটফর্ম প্রস্তুতকরণ

অনলাইনে ফাইনাল পরীক্ষা নেয়ার জন্য Google Classroom ব্যবহার করতে হবে। প্রতি সেমিস্টার/বর্ষের শিক্ষার্থীদের জন্য একটি ক্লাসরুম খোলা হবে। সংশ্লিষ্ট সেমিস্টার/বর্ষের পরীক্ষা কমিটি এই Google Classroom খুলবে এবং এক্ষেত্রে অবশ্যই ইনস্টিটিউশনাল ইমেইল আইডি ব্যবহার করতে হবে। শিক্ষার্থীদেরকে তাদের স্ব স্ব সেমিস্টার/বর্ষের জন্য তৈরি করা Google Classroom এ পরীক্ষা শুরুর অন্তত তিন দিন আগে জয়েন করতে হবে। সকল পরীক্ষার্থী নির্ধারিত ক্লাসরুমে জয়েন করতে পেরেছে কি না বিষয়টি উক্ত সেমিস্টার/বর্ষের পরীক্ষা কমিটি নিশ্চিত করবে।

প্রতিটি পরীক্ষার জন্য আলাদা Assignment খোলা হবে। প্রদত্ত Assignment এ নির্ধারিত পরীক্ষার প্রশ্নপত্র সংযুক্তি হিসেবে থাকবে, যা পরীক্ষা শুরুর পাঁচ মিনিট পূর্বে Google Classroom এ প্রকাশ করা হবে। পরীক্ষার্থীরা সংযুক্ত প্রশ্নপত্রটি নিজ কম্পিউটার/মোবাইল-এ ডাউনলোড করতে পারবে।

প্রত্যবেক্ষণের জন্য অনলাইন মিটিং প্লাটফর্ম Zoom ব্যবহার করতে হবে। এক্ষেত্রে অবশ্যই BdREN থেকে প্রদত্ত Zoom এর অ্যাকাউন্ট ব্যবহার করতে হবে।

### ২। পরীক্ষার নম্বর ও সময়

প্রচলিত পদ্ধতির অর্ধেক সময়ে এবং ফাইনাল পরীক্ষার জন্য নির্ধারিত নম্বরের অর্ধেক নম্বরে পরীক্ষা নিতে হবে। উক্ত নম্বর ফল বিন্যাসের সময় দ্বিগুণ করে পূর্ণ নম্বরে রূপান্তরিত হবে। ৪টি প্রশ্নের মধ্যে ২টি প্রশ্নের উত্তর দিতে হবে।

- দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীরা পরীক্ষার নির্ধারিত সময়ের অতিরিক্ত ১০মিনিট/ঘন্টা সময় পাবে।

### ৩। প্রশ্নের ধরণ সংক্রান্ত

প্রচলিত পদ্ধতিতে ফাইনাল পরীক্ষার জন্য যে ধরনের প্রশ্ন করা হয়। (যেমন বর্ণনামূলক, বহুনির্বাচনী, সংক্ষিপ্ত ইত্যাদি) এক্ষেত্রেও একই ধরনের প্রশ্নই করা হবে।

### ৪। দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিষয়ে করণীয়

দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীগণ নিজ দায়িত্বে তার চেয়ে কম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন একজন শ্রুতিলেখক নির্বাচন করতে পারবে। শ্রুতিলেখকের শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত প্রমাণপত্র, সংক্ষিপ্ত পরিচিত, ছবিও ফোন নম্বর

পরীক্ষা শুরুর অন্তত ৭ (সাত) দিন পূর্বে বিভাগ/ইনস্টিটিউট-এর চেয়ারম্যান/পরিচালক এবং পরীক্ষা নিয়ন্ত্রকের ইমেইল-এ পাঠিয়ে দিতে হবে।

**৫। অনলাইন প্লাটফর্ম ব্যবহার সংক্রান্ত**

জুম-এ জয়েন করার ক্ষেত্রে পরীক্ষার্থীদের অবশ্যই নামের পরিবর্তে কেবলমাত্র পরীক্ষার রোল নম্বর ব্যবহার করতে হবে। যদি কোনো পরীক্ষার্থী এর ব্যত্যয় ঘটায় সেক্ষেত্রে প্রত্যবেক্ষকদের একজন তাকে Rename করে দিবেন। পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর অন্তত ১৫মিনিট পূর্বে জুমে জয়েন করতে হবে। প্রতিটি পরীক্ষা অন্তত ৩০মিনিট পূর্বে পরীক্ষা কমিটি Google Classroom এর Stream- এ জুম-এর আইডি পাসওয়ার্ড এবং জরুরি প্রয়োজনে যোগাযোগ করার জন্য **অন্তত তিনটি মোবাইল নম্বর পরীক্ষার্থীদের সাথে শেয়ার করবেন।** পরীক্ষার্থীদের অবশ্যই ভিডিও সচল রেখে দৃশ্যমান থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**৬। উত্তরপত্র সংক্রান্ত**

অনলাইনে পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় নির্ধারিত উত্তরপত্র ব্যবহারের সুযোগ নেই বিধায় উত্তরপত্রের কাভার পৃষ্ঠার এডিটেবল সফটকপি পরীক্ষার্থীদেরকে পরীক্ষা শুরুর অন্তত একদিন আগে Google Classroom-এর মাধ্যমে সরবরাহ করতে হবে। পরীক্ষা কমিটি বিশ্ববিদ্যালয়ের প্রচলিত পরীক্ষার খাতার অনুকরণে এই কাভার পৃষ্ঠা তৈরি করবেন। পরীক্ষার্থীগণ পরীক্ষা শুরুর পূর্বেই প্রয়োজনীয় তথ্য সফটকপিতে পূরণ করে প্রিন্ট করবেন অথবা সেটি প্রিন্ট নিয়ে হাতে পূরণ করবেন অথবা প্রিন্টার না থাকলে A4 সাইজের সাদা কাগজে তার অনুলিপি তৈরি করে রাখবেন। উত্তরপত্র স্ক্যান করার সময় এই পাতাটিকে প্রথম পাতা হিসেবে অন্তর্ভূক্ত করতে হবে।

পরীক্ষার্থীরা A4 সাইজ কাগজে স্বহস্তে প্রশ্নের উত্তর লিখবে এবং উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় পৃষ্ঠা নম্বর এবং পরীক্ষার রোল নম্বর লিখতে হবে।

**৭। পরীক্ষার্থীদের হাজিরা সংক্রান্ত**

পরীক্ষা নিয়ন্ত্রক দফতর থেকে প্রেরিত ছবিসহ পরীক্ষার্থীদের তালিকার pdf ফাইল এর প্রিন্ট কপি প্রত্যেক প্রত্যবেক্ষকের কাছে থাকবে। পরীক্ষা অনুষ্ঠানের দিন প্রত্যবেক্ষকগণ পরীক্ষার্থীর ছবির সাথে চেহারা মিলিয়ে দেখে উক্ত তালিকার নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান করবেন।

**৮। উত্তরপত্র জমা দেয়া সংক্রান্ত**

পরীক্ষা শেষে পরীক্ষার্থীদেরকে তাদের উত্তরপত্র স্ক্যান করে/ছবি তুলে একটি সিঙ্গেল pdf ফাইল আকারে গুগল ক্লাসরুমের যে অ্যাসাইনমেন্ট -এর মাধ্যমে প্রশ্নপত্র বিতরণ করা হয়েছিল সেই একই অ্যাসাইনমেন্ট -এর বিপরীতে অ্যাটাচমেন্ট আকারে (কভার পৃষ্ঠাসহ) পরীক্ষার সময় শেষ হবার ১০ থেকে ৩০ মিনিট (বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক পূর্বনির্ধারিত) সময়ের মধ্যে জমা দিতে হবে। একজন পরীক্ষার্থী একটির বেশি ফাইল আপলোড করতে পারবে না। আপলোডকৃত ফাইলের নামকরণের ক্ষেত্রে প্রত্যেক পরীক্ষার্থীকে **অবশ্যই একটি**

**কমন ফরম্যাট ব্যবহার করতে হবে;** তা না হলে পরবর্তীতে সকল ফাইল ডাউনলোড করে কোনো ফোল্ডারে সংরক্ষণ করার পর কোন পরীক্ষার্থী কোন ফাইল আপলোড করেছে তা নির্ণয় করা দুরূহ হয়ে পড়বে। ফাইলের নামের ফরম্যাট হতে হবে **কোর্স কোড পরীক্ষার রোল নম্বর**। এই বিষয়টি অবশ্যই আগে থেকে পরীক্ষার্থীদের অবহিত করতে হবে। (গুগল ক্লাসরুম-এর Stream ব্যবহার করা যেতে পারে) এবং পরীক্ষা শুরুর আগে প্রত্যবেক্ষকগণ পরীক্ষার্থীদের এ বিষয়ে আবার অবহিত করবেন।

উত্তরপত্রের স্ক্যানকৃত pdf ফাইলটি অ্যাসাইনমেন্ট-এর বিপরীতে অ্যাটাচ করা হয়ে গেলে অ্যাসাইনমেন্টটি **'টার্ন-ইন' করার বিষয়ে প্রত্যবেক্ষকগণ বারবার সর্তক করবেন**। উত্তরপত্র জমা দেয়ার নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর প্রত্যবেক্ষকগণ সকল পরীক্ষার্থীর উত্তরপত্র জমা দেয়া এবং **'টার্ন-ইন'** করার বিষয়টি নিশ্চিত করবেন। এটি নিশ্চিত হওয়ার পরই একজন পরীক্ষার্থী জুম-মিটিং ত্যাগ করতে পারবেন। বিশেষ পরিস্থিতিতে বিকল্প ব্যবস্থা হিসেবে গুগল ক্লাসরুমে উত্তরপত্র জমা না নিয়ে পরীক্ষা কমিটি কর্তৃক প্রদত্ত কোনো একটি ইনস্টিটিউশনাল ইমেইল আইডিতেও পরীক্ষার্থী উত্তরপত্র ইমেইলে অ্যাটাচমেন্ট আকারে প্রেরণ করতে পারবে। তবে এ ক্ষেত্রে অবশ্যই পরীক্ষা কমিটির উপস্থিত সদস্যের অনুমতির প্রয়োজন হবে।

৯। **যান্ত্রিক ক্রটির ক্ষেত্রে করণীয়:**

বৈদ্যুতিক বা যান্ত্রিক ক্রটি অথবা ইন্টারনেট সংশ্লিষ্ট প্রতিবন্ধকতার কারণে কোনো পরীক্ষার্থী পরীক্ষা চলাকালীন সময়ে জুম থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লে অথবা উত্তরপত্র নির্ধারিত সময়ে আপলোড করতে ব্যর্থ হলে তাকে অনধিক পাঁচ (৫) মিনিট -এর মধ্যে মোবাইল ফোনে প্রত্যবেক্ষককে অবহিত করতে হবে।